গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
জরুরি সাড়াদান কেন্দ্র (ইওসি)
www.ddm.gov.bd
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.২৪৮ তারিখ: ১৭ আশ্বিন ১৪২৬
০২ অক্টোবর ২০১৯

বিষয়: **প্রাকৃতিক দুর্যোগে জরুরি সাড়াদান কেন্দ্রে প্রাপ্ত তথ্যাদির সমন্বিত প্রতিবেদন।**

**সমূদ্র বন্দরসমূহের জন্য সতর্ক সংকেতঃ** সমুদ্র বন্দরসমূহের জন্য কোনো সতর্কবার্তা নেই।

**০২-১০-২০১৯ইং তারিখ সন্ধ্যা ০৬ (ছয়) টা পর্যন্ত দেশের অভ্যন্তরীণ নদী বন্দরসমূহের জন্য আবহাওয়ার পূর্বাভাসঃ**
ঢাকা, ফরিদপুর, যশোর, কুষ্টিয়া, খুলনা, বরিশাল, পটুয়াখালী, নোয়াখালী, কুমিল্লা, চট্টগ্রাম, কক্সবাজার এবং সিলেট অঞ্চল সমূহের উপর দিয়ে দক্ষিণ/দক্ষিণ-পূর্ব দিক থেকে ঘন্টায় ৪৫-৬০ কি.মি. বেগে বৃষ্টি অথবা বজ্রবৃষ্টিসহ অস্থায়ীভাবে দমকা/ঝড়ো হাওয়া বয়ে যেতে পারে।
এসব এলাকার নদীবন্দর সমূহকে ১ নম্বর (পুনঃ) ১ নম্বর সতর্ক সংকেত দেখাতে বলা হয়েছে।

**আজ সকাল ০৯ টা থেকে পরবর্তী ২৪ ঘন্টার আবহাওয়ার পূর্বাভাসঃ**
**সিনপটিক অবস্থাঃ** মৌসুমী বায়ুর অক্ষের বর্ধিতাংশ রাজস্থান, উত্তর প্রদেশ, মধ্য প্রদেশ, বিহার ও পশ্চিমবঙ্গ অতিক্রম করে বাংলাদেশের মধ্যাঞ্চল হয়ে আসাম পর্যন্ত রয়েছে। এর একটি বর্ধিতাংশ উত্তর বঙ্গোপসাগর পর্যন্ত বিস্তৃত । মৌসুমী বায়ু বাংলাদেশের উপর মোটামুটি সক্রিয় এবং উত্তর বঙ্গোপসাগরে তা মাঝারী অবস্থায় বিরাজ করছে।

**পূর্বাভাসঃ** খুলনা, বরিশাল, চট্টগ্রাম ও সিলেট বিভাগের অনেক জায়গায় এবং ঢাকা, ময়মনসিংহ, রংপুর ও রাজশাহী বিভাগের কিছু কিছু জায়গায় অস্থায়ীভাবে দমকা হাওয়াসহ হালকা থেকে মাঝারী ধরণের বৃষ্টি অথবা বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেই সাথে দেশের কোথাও কোথাও মাঝারী ধরনের ভারী থেকে ভারী বর্ষণ হতে পারে।

**তাপমাত্রাঃ** সারাদেশে দিন এবং রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে।

**পরবর্তী ৭২ ঘন্টার আবহাওয়ার অবস্থা (৩ দিন) :** বৃষ্টিপাত প্রবণতা হ্রাস পেতে পারে।

**গতকালের সর্বোচ্চ ও আজকের সর্বনিম্ন তাপমাত্রা (ডিগ্রী সেলসিয়াস):**

| বিভাগের নাম | ঢাকা | ময়মনসিংহ | চট্টগ্রাম | সিলেট | রাজশাহী | রংপুর | খুলনা | বরিশাল |
|---|---|---|---|---|---|---|---|---|
| সর্বোচ্চ তাপমাত্রা | ৩২.০ | ২৯.৬ | ৩২.৬ | ২৮.৭ | ৩২.২ | ২৭.৭ | ৩৪.৪ | ৩০.০ |
| সর্বনিম্ন তাপমাত্রা | ২৪.১ | ২৪.৬ | ২৩.০ | ২৪.০ | ২২.৮ | ২১.২ | ২৪.৩ | ২৪.০ |

*** গতকাল সর্বোচ্চ তাপমাত্রা ছিল যশোর ৩৪.৪° এবং আজকের সর্বনিম্ন তাপমাত্রা তেঁতুলিয়া ২১.২° সেঃ।**

## বৃষ্টিপাত ও নদ-নদীর সর্বশেষ অবস্থাঃ

**এক নজরে নদ-নদীর পরিস্থিতি**

- ব্রহ্মপুত্র- যমুনা ব্যতীত দেশের সকল প্রধান নদ-নদীসমূহের পানি সমতল বৃদ্ধি পাচ্ছে ।
- গঙ্গা-পদ্মা নদীসমূহের পানি সমতল বৃদ্ধি পাচ্ছে, যা আগামী ৪৮ ঘণ্টা পর্যন্ত অব্যাহত থাকতে পারে।
- আগামী ৪৮ ঘণ্টায় ব্রহ্মপুত্র- যমুনা ও সুরমা-কুশিয়ারা নদ-নদীসমূহের পানি সমতল হ্রাস পেতে পারে।

বিপদসীমার উপর দিয়ে প্রবাহিত স্টেশন (১৬ আশ্বিন ১৪২৬ বঙ্গাব্দ/ ০১ অক্টোবর ২০১৯ খৃঃ সকাল ৯.০০ টার তথ্য অনুযায়ী):

| পানি সমতল স্টেশন | নদীর নাম | আজকের পানি সমতল (মিটার) | বিগত ২৪ ঘন্টায় বৃদ্ধি(+)/হ্রাস(-) (সে.মি.) | বিপদসীমা (মিটার) | বিপদসীমার উপরে (সে.মি.) |
|---|---|---|---|---|---|
| গোয়ালন্দ | পদ্মা | ৮.৭৭ | +৫ | ৮.৬৫ | +১২ |
| সুরেশ্বর | পদ্মা | ৪.৫৬ | +৪ | ৪.৪৫ | +১১ |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| **কামারখালী** | গড়াই | **৮.৩৫** | **+১০** | **৮.২০** | **+১৫** |
| হার্ডিঞ্জ ব্রিজ | গঙ্গা | **১৪.৩১** | **+৭** | **১৪.২৫** | **+৬** |
| **মেঘনা ব্রিজ** | **মেঘনা** | **৩.৭২** | **+৪০** | **৩.৫৫** | **+১৭** |
| **চাঁদপুর** | **মেঘনা** | **৩.৫২** | **+৪** | **৩.৫০** | **+২** |

**বৃষ্টিপাতের তথ্যঃ**

গত ২৪ ঘন্টায় বাংলাদেশে উল্লেখযোগ্য বৃষ্টিপাত (গত কাল সকাল ০৯:০০ টা থেকে আজ সকাল ০৯:০০ টা পর্যন্ত) :

| **স্টেশন** | **বৃষ্টিপাত (মি.মি.)** | **স্টেশন** | **বৃষ্টিপাত (মি.মি.)** |
|---|---|---|---|
| সুনামগঞ্জ | ২৪৫.০ | ছাতক | ১৯৯.০ |
| জাফলং | ১৩৭.০ | সিলেট | ১৩২.০ |
| কানাইঘাট | ১১৩.০ | পাবনা | ৮১.৩ |
| ঢাকা | ৭৫.০ | বরিশাল | ৭৩.০ |

**নদ-নদীর অবস্থা (আজ সকাল ০৯:০০ টা পর্যন্ত)**

| | | | |
|---|---|---|---|
| পর্যবেক্ষণাধীন পানি সমতল স্টেশন | ৯৩ | বিগত ২৪ ঘন্টায় পানি সমতল অপরিবর্তিত | ০০ |
| বিগত ২৪ ঘন্টায় পানি সমতল বৃদ্ধি | ৫৬ | মোট তথ্য পাওয়া যায়নি | ০০ |
| বিগত ২৪ ঘন্টায় পানি সমতল হ্রাস | ৩৭ | বিপদসীমার উপরে | **০৬** |

**বিভিন্ন জেলা প্রশাসনের নিকট থেকে প্রাপ্ত তথ্য অনুযায়ী বন্যা পরিস্থিতি নিম্নে প্রদান করা হলঃ**

**১। কুষ্টিয়া**

**(ক) বন্যা পরিস্থিতির তথ্যঃ**

| বন্যা পরিস্থিতির বিবরণ | ক্ষয়ক্ষতির বিবরণ | প্রাণহানির বিবরণ | মন্তব্য |
|---|---|---|---|
| জেলা প্রশাসন, কুষ্টিয়ার স্মারক নং ৫১.০১. ৫০০০. ০০০.১৬.০০১.১৯-৪৮৯, তারিখ ০১/১০/২০১৯খ্রীঃ মাধ্যমে জানা যায় যে, কুষ্টিয়া জেলায় ০১ অক্টোবর ২০১৯ তারিখ ভেড়ামারার হার্ডিঞ্জ ব্রীজ পয়েন্টে পদ্মা নদীর পানি বিপদ সীমার ৩.০০ সে.মি. উপর দিয়ে প্রবাহিত হচ্ছে এবং গড়াই নদীর পানি প্রায় বিপদসীমার কাছাকাছি প্রবাহিত হচ্ছে। কুমারখালী শিলাইদহ ইউনিয়নে পদ্মা নদীর তীর প্রায় ৩০০ (তিনশত) মিটার এলাকাজুড়ে ভাঙ্গন দেখা দিয়েছে। জেলার বর্তমান বন্যা পরিস্থিতি নিয়ন্ত্রণে আছে। | ১। ক্ষতিগ্রস্ত উপজেলাঃ ৩ টি<br>২। ক্ষতিগ্রস্ত পৌরসভাঃ ১ টি<br>৩। ক্ষতিগ্রস্ত ইউনিয়নঃ ৮ টি<br>৪। ক্ষতিগ্রস্ত পরিবারঃ ১৫৮৭৫ টি (আংশিক) | - | |

**২। রাজশাহী**

**বন্যা পরিস্থিতির তথ্যঃ**

| বন্যা পরিস্থিতির বিবরণ | ক্ষয়ক্ষতির বিবরণ | প্রাণহানির বিবরণ | মন্তব্য |
|---|---|---|---|

| | | | |
|---|---|---|---|
| জেলা প্রশাসন, রাজশাহীর স্মারক নং ৫১.০০.০১.৮১০০.০২৫.০৪.০০৩. ১৯-৭৬৯, ৩০/০৯/২০১৯খ্রিঃ মাধ্যমে জানা যায় যে, রাজশাহী জেলার পবা, চারঘাট, বাঘা ও গোদাগাড়ী এই ৪ টি উপজেলার ৬টি ইউনিয়ন বন্যা কবলিত এবং নদী ভাংগন দেখা দিয়েছে। এছাড়াও সিটি কর্পোরেশন এলাকার নদী তীরবর্তী নিম্নাঞ্চল বন্যা কবলিত হয়েছে। | ১। ক্ষতিগ্রস্ত উপজেলাঃ ৪ টি<br>২। ক্ষতিগ্রস্ত ইউনিয়নঃ ৬ টি<br>৩। নদী ভাংগনে ক্ষতিগ্রস্ত পরিবারঃ ২০০৬ টি (আংশিক) | - | |

**৩। শরীয়তপুর**

**বন্যা পরিস্থিতির তথ্যঃ**

| বন্যা পরিস্থিতির বিবরণ | ক্ষয়ক্ষতির বিবরণ | প্রাণহানির বিবরণ | মন্তব্য |
|---|---|---|---|
| জেলা প্রশাসন, শরীয়তপুরের স্মারক নং ৫১.০১.৮৬০০.০১৬.৪০ .০০৯.১৯(অংশ-১)-৭৪৬, তারিখ ০২/১০/২০১৯খ্রিঃ) মাধ্যমে জানা যায় যে, শরীয়তপুর জেলার নড়িয়া উপজেলার কেদারপুর ইউনিয়নের বুন্না গ্রামে এবং ভেদরগঞ্জ উপজেলার উত্তর তারাবুনিয়া, চরসেনসাস ও কাঁচিকাটা ইউনিয়নের আসামীকান্দি, শাহাবুদ্দিনকান্দি, হাওলাদারকান্দি, বেপারীকান্দি, বকাউলকান্দি, রহমান বেপারীকান্দি, বেড়াচাক্কি ও চরজিংকিং গ্রামে পদ্মা নদীর তীরে হঠাৎ ভাঙ্গন দেখা দিয়েছে। | ১। ক্ষতিগ্রস্ত উপজেলাঃ ২ টি<br>২। ক্ষতিগ্রস্ত ইউনিয়নঃ ৪ টি<br>৩। ক্ষতিগ্রস্ত গ্রামঃ ৯ টি<br>৪। নদী ভাংগনে ক্ষতিগ্রস্ত পরিবার ১২ টি (সম্পূর্ণ), ২৪৮ টি (আংশিক)<br>৬। ক্ষতিগ্রস্ত ঘরবাড়িঃ ৪৮ টি (সম্পূর্ণ), ৭৯২ টি (আংশিক)<br>৭।ক্ষতিগ্রস্ত প্রতিষ্ঠান (শিক্ষা/ধর্মীয়/অন্যান্য): ১ টি (সম্পূর্ণ)<br>৮। মৃতঃ ১ জন<br>৯। ক্ষতিগ্রস্ত বাঁধঃ ০.৭২০ কি:মি; (সম্পূর্ণ), ০.২২০ কিঃমিঃ (আংশিক) | - | আশ্রয়কেন্দ্র ১ টি খোলা হয়েছে।<br><br>পানি উন্নয়ন বোর্ড কর্তৃক বাঁধ রক্ষার কাজ চলমান। |

**৪। রাজবাড়ী**

**বন্যা পরিস্থিতির তথ্যঃ**

| বন্যা পরিস্থিতির বিবরণ | ক্ষয়ক্ষতির বিবরণ | প্রাণহানির বিবরণ | মন্তব্য |
|---|---|---|---|

| | | | |
|---|---|---|---|
| জেলা প্রশাসন, রাজবাড়ীর স্মারক নং ৫১.০১. ৮২০০. ০০০.৪০.০৩৩.১৮-৫৪৬, তারিখ ০২/১০/২০১৯খ্রীঃ) মাধ্যমে জানা যায় যে,গোয়ালন্দ উপজেলার দৌলতদিয়া ঘাটে পদ্মা নদীর পানি বিপদ সীমার ০.১২ মিটার ও পাংশা উপজেলার সেনগ্রাম গেজ স্টেশনে বিপদ সীমার ১.২৩ মিটার উপর দিয়ে প্রবাহিত হচ্ছে এবং রাজবাড়ী সদর উপজেলার মহেন্দ্রপুর গেজ স্টেশনে পদ্মা নদীর পানি বিপদ সীমার ১.১৭ মিটার নীচ দিয়ে প্রবাহিত হচ্ছে। গোয়ালন্দ উপজেলার দৌলতদিয়া ঘাটে ১নং ফেরিঘাটটি ভাঙ্গনের ঝুঁকিতে রয়েছে। | ১। ক্ষতিগ্রস্ত উপজেলাঃ ৪ টি<br>২। ক্ষতিগ্রস্ত পরিবারঃ ৩.৩৯৯ টি (আংশিক) | - | |

**অগ্নিকান্ডঃ**

**ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের নিয়ন্ত্রণ কক্ষের তথ্য থেকে জানা যায়, ৩০/০৯/২০১৯খ্রিঃ তারিখ রাত ১২.০০টা থেকে ০১/১০/২০১৯খ্রিঃ তারিখ রাত ১২.০০টা পর্যন্ত সারাদেশে মোট ৯টি অগ্নিকান্ডের ঘটনা ঘটেছে। তবে এ সকল অগ্নিকান্ডে কোন হতাহতের ঘটনা ঘটেনি। বিভাগভিত্তিক তথ্য নিম্নে দেয়া হলোঃ**

| ক্রঃ নং | বিভাগের নাম | অগ্নিকান্ডের সংখ্যা | আহতের সংখ্যা | নিহতে |
|---|---|---|---|---|
| ১। | ঢাকা | ৪ | ০ | |
| ২। | ময়মনসিংহ | ১ | ০ | |
| ৩। | বরিশাল | ১ | ০ | |
| ৪। | সিলেট | ০ | ০ | |
| ৫। | রাজশাহী | ০ | ০ | |
| ৬। | রংপুর | ০ | ০ | |
| ৭। | চট্টগ্রাম | ১ | ০ | |
| ৮। | খুলনা | ২ | ০ | |
| | **মোট** | **৯** | **০** | |

**২ । ইহা মহোদয়ের সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো।**

২-১০-২০১৯

মোহাম্মদ হাফিজুর রহমান
ভারপ্রাপ্ত কর্মকর্তা
ফোন: ৮৮০-৫৮৮১১৬৫১
ফ্যাক্স: ৮৮০-২-৯৮৯১৯২৬
ইমেইল: controlroom.ddm@gmail.com

ভারপ্রাপ্ত কর্মকর্তা-১
এনডিআরসিসি অধিশাখা
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.২৪৮/১(৬৫)

তারিখ: ১৭ আশ্বিন ১৪২৬
০২ অক্টোবর ২০১৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) মহাপরিচালক , দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
২) পরিচালক, পরিবীক্ষণ ও তথ্য ব্যবস্থাপনা অনুবিভাগ, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
৩) পরিচালক , ত্রাণ অনুবিভাগ , দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
৪) উপপরিচালক , পরিবীক্ষণ ও তথ্য ব্যবস্থাপনা অনুবিভাগ, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
৫) প্রোগ্রামার, আইসিটি শাখা, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর

৬) প্রোগ্রামার, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।

৭) জেলা ত্রাণ ও পুর্ণবাসন কর্মকর্তা

২-১০-২০১৯

মোহাম্মদ হাফিজুর রহমান

ভারপ্রাপ্ত কর্মকর্তা